



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



106389

নং-বামাশিবো/প্রশাসন/ ৪৬২/কক্সবাজার-১১০

তারিখ: ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: অভিযোগ বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে কক্সবাজার জেলার রামু উপজেলাধীন দক্ষিণ মিঠাছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে অতিগোপনে জাল-জালিয়াতির মাধ্যমে খসড়া ভোটার তৈরি করা হয়েছে মর্মে জনৈক শিক্ষার্থীদের অভিভাবকগণ অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... পাতা



০৪.০২.২০২২

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
রামু, কক্সবাজার;


০৪/০২/২০২২

নং-বামাশিবো/প্রশাসন/ ৪৬২/কক্সবাজার-১১০

তারিখ: ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কক্সবাজার;
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার;
৪. বশির আহমদ গং, (অভিযোগকারী), রামু, কক্সবাজার;
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, দক্ষিণ মিঠাছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রামু, কক্সবাজার;
৬. সভাপতি, দক্ষিণ মিঠাছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রামু, কক্সবাজার;
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।



০৪/০২/২২

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


০৪/০২/২০২২

তারিখ : ২৩/১২/২০২১ইং

বরাবর,
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
ঢাকা।

বিষয় : অতি গোপনে জাল-জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকা তৈরি এবং কমিটি গঠনের বিরুদ্ধে সঠিক
তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের আবেদন প্রসঙ্গে।

মাদ্রাসার নাম ও ঠিকানা : দক্ষিণ মিঠাছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রামু, কক্সবাজার।
প্রতিষ্ঠান কোড : ১০৬৩৮৯২১২০।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারী অত্র মাদ্রাসার অভিভাবক হই। অত্র মাদ্রাসাটি দক্ষিণ
মিঠাছড়ি ইউনিয়নের একমাত্র দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠানে প্রায় ৬০০ ছাত্রছাত্রী রয়েছে। আগামী
১৩/০১/২০২২ইং তারিখ অত্র মাদ্রাসার এডহক কমিটির মেয়াদ শেষ হবে। বিধি মোতাবেক পূর্ণাঙ্গ কমিটি
গঠন করা আবশ্যিক। কিন্তু বর্তমান সুপার অতি গোপনে জাল-জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকা তৈরি
করে নির্বাচন সম্পন্ন করার প্রক্রিয়া গ্রহণ করলে আমরা প্রি-জাইডিং অফিসার বরাবরে আপত্তি জানিয়ে
আবেদন করি।

সম্প্রতি জানতে পারি নির্বাচনি তফশীল গোপন করে ভুল ভোটার তালিকার ভিত্তিতে পরস্পর যোগসাজসের
মাধ্যমে একটি পকেট কমিটি গঠন করা হয়। যা অনুমোদনের নিমিত্তে মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবরে প্রেরণ
করা হয় বলে জানা যায়।

অতএব, বিনীত নিবেদন উক্ত জালিয়াতি পূর্ণ কমিটি বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুজুরের
মর্জি হোক।

নিবেদক

১। ছাত্রঃ মোঃ রাইহান, পিতাঃ বশির আহামদ শ্রেণীঃ ৮ম, রোল নংঃ ২৫,	বশির আহামদ
২। ছাত্রীঃ মাহিয়া আরেফিন ইলমা, পিতাঃ মমতাজুল হক শ্রেণীঃ ১০ম, রোল নংঃ ০২, ০১৮৪৩-০৮৮১৮২	M. Arefin
৩। ছাত্রঃ তাওহীদ আরমান, পিতাঃ জাকের হোছাইন শ্রেণীঃ ৬ষ্ঠ, রোল নংঃ ৫৪	জাকের হোছাইন

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, কক্সবাজার।
- ৩। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ও প্রি-জাইডিং অফিসার, রামু, কক্সবাজার।

সংযুক্তিঃ

- ১। এডহক কমিটি তালিকা এক ফর্দ।
- ২। অভিযোগ পত্রের কপি ০৫ টি।

সিওএমঃ হুজুর
২৩/১২/২১
মোঃ মাহমুদুল হক
১৮ দক্ষিণ মিঠাছড়ি ইসলামিয়া দাখিল
মাদ্রাসা, কক্সবাজার।

